সমকাল

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ঢাবি 'চ' ইউনিটের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের অধীনে ২০১৭-১৮ সেশনে প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠেছে। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ফাঁস হওয়া প্রশ্নের স্কিনশট নিয়ে এরই মধ্যে সমালোচনার ঝড় উঠেছে। গত শনিবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। অভিযোগ উঠেছে, এর আগের দিন শুক্রবার সন্ধ্যায় ফেসবুকে প্রশ্নপত্রের ছবি প্রকাশিত হয়। আর এই প্রশ্নপত্র নিয়েই এ আলোচনা-সমালোচনা। এদিকে চারুকলার প্রশ্ন ফাঁস হওয়ার কোনো সুযোগ নেই বলে দাবি করেছেন অনুষদের ডিন।

গত শুক্রবার সন্ধ্যা ৭টা ৫১ মিনিটে সেজান মাহমুদ নামের একটি ফেসবুক আইডি থেকে 'ঢাবি চ ইউনিট ২০১৭-২০১৮' উল্লেখ করে প্রশ্নপত্রের ছবি প্রকাশ করা হয় এবং সঙ্গে হোয়াটস অ্যাপের একটি নম্বর জুড়ে দেওয়া হয়। এর আগের দিন বৃহস্পতিবার একই আইডি থেকে আরেকটি পোস্ট করা হয়। সেখানে প্রশ্ন প্রাপ্তির আশ্বাস দিয়ে উল্লেখ করা হয়, 'আগামী দিন ঢাকা ও জগন্নাথ ইউনিভার্সিটিতে গ ইউনিটের ভর্তি পরীক্ষা। ওই ইউনিটের পরীক্ষায় কারও হেল্প লাগলে যোগাযোগ করতে পারেন। পেমেন্ট কাজের পরে। উক্ত কাজের ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## ঢাবি 'চ' ইউনিটের

[তৃতীয় পৃষ্ঠার পর]

প্রুফ দরকার হলে দেওয়া যাবে।' এ বিষয়ে জানতে চাইলে 'চ' ইউনিটের ভর্তি কমিটির প্রধান ও চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন বলেন, চারুকলার ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস হওয়ার বিন্দুমাত্র সুযোগ নেই।

এদিকে প্রশ্ন ফাঁসের বিষয়ে অবগত নন বলে জানান অনলাইন ভর্তি কমিটির প্রধান অধ্যাপক হাসিবুর রশীদ। তিনি বলেন, কেন্দ্রীয় ভর্তি কমিটির প্রশ্নপত্রের সঙ্গে কোনো সংশ্লিষ্টতা নেই। ভর্তি পরীক্ষার প্রশ্ন তৈরি করা থেকে শুরু করে শিক্ষার্থীদের হাতে পৌঁছে দেওয়ার কাজ করে ডিন অফিস। তারা এ বিষয়ে ভালো বলতে পারবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (সাময়িক) অধ্যাপক মো. আখতারুজ্জামান বলেন, যতটুকু জানি 'চ' ইউনিটের ফলাফল প্রায় চূড়ান্ত পর্যায়ে। প্রশ্ন ফাঁসের অভিযোগ সম্পর্কে কিছু জানি না। ফেসবুকে প্রশ্ন ফাঁস নিয়ে আলোচনার খবর আমাদের কাছে নেই।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর